# বাপ্তিস্মদাতা যোহন লোকদের অনুতাপ করতে আহ্বান করেছিলেন

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ন R3b পাঠ করা উচিৎ।

**প্রার্থনা ঃ** ‘‘প্রিয় স্বর্গীয় পিতা, পাপীদের অনুতাপ করতে এবং খ্রীষ্টের কাছে ফিরিয়ে আনতে সাহায্য করার জন্য আমাদের বাপ্তিস্মদাতা যোহনের মত হতে সাহায্য কর। এছাড়াও যে সকল বিশ্বাসী এখন পাপে লিপ্ত আছে শান্তভাবে তাদের পুনরুদ্ধার করতে আমাদের সাহায্য কর।’’

**১. ঈশ্বরের বাক্য দ্বারা আপনার হৃদয় প্রস্তুত করুন**

বাপ্তিস্মদাতা যোহন কিভাবে হাজার হাজার পাপীদের অনুতাপের মধ্যে ফিরিয়ে এনেছিলেন সেই বিষয়টি লূক ৩ঃ১-১৮ পদে খুঁজে দেখুন।


- লোকেরা যখন নিজেদের ভাল মানুষ চিন্তা করে বাপ্তিস্ম গ্রহণ করতে এসেছিলেন, তখন যোহন তাদের কি বলেছিলেন ?
- পাপীরা যখন পাপ স্বীকার করতে এসেছিলেন, তখন যোহন তাদের জন্য কি করেছিলেন ?



স্বর্গদূতেরা কেন আনন্দ করেছিল সেই বিষয়ে লূক ১৫ঃ১-১০ পদে হারানো মেয়ের নীতি গল্পটি থেকে খুঁজে দেখুন।

কিছু সংখ্যক মেষপালক বলপূর্বক অনুতাপ করানোর জন্য পাপীদের ধমক দিতেন এবং ভীতি প্রদর্শন করতেন। যীশু আরও উত্তম উপায়ে এই বিষয়ে আমাদের দিয়ে কি করাতে চান সেই বিষয়ে এই গল্পটিতে ব্যাখ্যা করেছিলেন ঃ

- কল্পনা করুন আপনি একটি মেষ শাবক যে দল থেকে বিচ্ছিন্ন হয়ে গেছিল, কিন্তু উত্তম মেষপালক আপনাকে খুঁজে পেয়েছেন।



- তিনি আপনাকে কোলে করে তাঁর লোকদের মধ্যে ফিরিয়ে এনেছেন।
- আপনি ভয় পেয়েছিলেন যে তিনি আপনাকে ধমক দেবেন এবং শাস্তি দেবেন, কিন্তু তাঁর মুখে কেবল প্রেম এবং আনন্দ প্রকাশিত হচ্ছিল।
- আমরাও এইভাবে বিচ্ছিন্ন বা বিপথগামী হয়ে যাই, কিন্তু যীশুর কাছে এই বিপথগামী মেষদের অনেক মূল্য আছে।
- মেষপালক যতক্ষণ না বিপথগামী মেষটিকে খুঁজে না পান এবং পুনরুদ্ধার না করেন, ততক্ষণ তিনি অবশ্যই মেষদের ছাড়তে আগ্রহী থাকেন।
- আমরা যখন বিপথগামী হয়ে যাই তখনও যীশু আমাদের ভালবাসেন। তিনি আমাদের এত প্রেম করেন যে তিনি আমাদের জন্য মৃত্যুবরণ করেছিলেন, রোমীয় ৫ঃ৮।

- পাপীদের অনুতাপ করতে এবং বিপথগামী অবিশ্বাসীদের পুনরুদ্ধার করার বিষয়ে আহ্বানের সবচেয়ে গুরুত্বপুর্ণ উপায় হচ্ছে তাদের প্রতি প্রেম প্রদর্শন করা, শৃঙ্খলা রক্ষাকারী কোন শাস্তি প্রদান করা উচিৎ।
- আপনি যদি ক্রোধের সঙ্গে কোন শিশুকে শৃঙ্খলাযুক্ত করতে চান, তবে সে ক্রোধের সঙ্গে সাড়া দান করতে পারে। আপনি যদি প্রেমের সঙ্গে শৃঙ্খলাবদ্ধ করেন তবে সে শিখবে।
- যখন দলের একজন সদস্য বিপথগামী হয়, তখন তাঁকে শৃঙ্খলাবদ্ধ করার উদ্দেশ্য হবে তাকে পুনরুদ্ধার করা, শাস্তি দান করা নয়।
- প্রেরিত পৌল গালাতীয় ৬ঃ১ পদে বলেছেন, "ভ্রাতৃগণ, যদি কেহ কোন অপরাধে ধরাও পড়ে, তবে আত্মিক যে তোমরা, তোমরা সেই প্রকার ব্যাক্তিকে মৃদুতার আত্মায় সুস্থ কর, আপনাকে দেখ, পাছে তুমিও পরীক্ষাতে পড়।"
- অনেক সময় কোন ব্যক্তিকে ফিরিয়ে আনার জন্য আমরা মারাত্মক পদক্ষেপ গ্রহণ করি, কিন্তু আমাদের অবশ্যই প্রেমের সঙ্গে এটা করতে হবে।

**২. সপ্তাহব্যাপী যে সকল ক্রিয়াকলাপ করতে হবে সেই বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

যে বন্ধুদের খ্রীষ্টকে প্রয়োজন আছে, তাদের কাছে যান এবং তাদেরকে বলুন যে ঈশ্বর তাদের ভালবাসেন, তাদের পাপ ক্ষমা করেন এবং তিনি চান তারা যেন সম্পূর্ণ পবিত্র নূতন জীবন এবং আনন্দ লাভ করেন।

যে বিশ্বাসীগণ বিপথগামী হয়েছেন তাদের কাছে যান। গালাতীয় ৬ঃ১ পদের নির্দেশ অনুসারে তাদের পুনরুদ্ধার করুন।

- তাদের ধর্মান্তরণের বিষয়টি স্মরণ করানোর জন্য প্রেমপূর্ণভাবে তাদের সাহায্য করুন।
- তারা তাদের পাপপূর্ণ অবস্থার বিষয়ে ঈশ্বরকে তাদের প্রত্যয় উৎপন্ন করতে দেবেন কি না সেই বিষয়টি আবিষ্কারের চেষ্টা করুন।
- তারা ঈশ্বরের মহান প্রেমের বিষয় উপলব্ধি করেছেন কি না তা বোঝার চেষ্টা করুন।
- তাদের জীবন রূপান্তরিত করার জন্য তাদের সঙ্গে ঈশ্বরের কাছে প্রার্থনা করুন।

**৩. আসন্ন আরাধনার বিষয়ে আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

বর্তমান প্রয়োজন এবং স্থানীয় রীতির সঙ্গে মানানসই কার্যকলাপ পছন্দ করুন।

লূক ৩ঃ১-১৮ পদ থেকে বাপ্তিস্ম দাতা যোহনের গল্পটি বলুন অথবা অভিনয় করে দেখান। ভাগ ১ এ আপনি যা খুঁজে পেয়েছেন সেই বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করুন।

হারানো মেষের নীতি গল্পটি বলুন অথবা অভিনয় করে দেখান। প্রথম অংশটিতে কিভাবে আমাদের পাপীদের অনুতাপ করতে এবং বিপথগামী মেষ শাবকদের সংশোধন করতে হবে সেই বিষয়ে ব্যাখ্যা করা হয়েছে।

আমাদের পরিত্রাণের জন্য মানুষ কি করে এবং ঈশ্বর কি করেন, সেই বিষয়টি ব্যাখ্যা করুন ঃ

- একজনকে অবশ্যই অনুতাপ করতে হবে, যার অর্থ হল হৃদয়কে পরিবর্তিত করে ঈশ্বরের উপর আস্থা রাখতে হবে (যোহন ৩ঃ১-৮)।
- ঈশ্বর আমাদের বিশ্বাসীদের ক্ষমা করেছেন এবং চিরকালের জন্য তাঁর সন্তান হিসাবে মুদ্রাঙ্কিত করেছেন, এবং তাঁর পবিত্র আত্মা আমাদের আত্মিকভাবে নূতন জন্ম দান করেছেন (ইফিষীয় ১ঃ১৩-১৪)।

প্রভুর ভোজের বিষয়টি প্রবর্তনের জন্য লোকদের বাপ্তিস্মদাতা যোহনের কাছে আসার এবং তাদের পাপ স্বীকারের বিষয়ে লূক ৩ঃ৪-৭ পদ পর্য্যন্ত পাঠ করুন।

ব্যাখ্যা করুন যে বিশ্বাসীদের প্রভুর ভোজ গ্রহণের পূর্বে কি করতে হবে সেই বিষয়ে এখানে ব্যাখ্যা করা হয়েছে। আমরা নিজেদের পরীক্ষা করি এবং ঈশ্বরের কাছে আমাদের পাপ স্বীকার করি, ১ করি ১১ঃ২৮।

শিশুদের সক্কেয়র নাটকটি উপস্থাপন করতে দিন। নাটকের পর বড়দের প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য তাদের প্রস্তুত হতে হবে। আমাদের নূতন জন্মের বিষয় মানুষের ভূমিকা এবং ঈশ্বরের ভূমিকার বিষয়টি ব্যাখ্যা করুন।

- আমাদের ভূমিকা ঃ অনুতাপ করা (ক্ষমার জন্য ঈশ্বরের উপর বিশ্বাস করা এবং আমাদের হৃদয় পরিবর্তিত করা), রোমীয় ১২ঃ২ পদ।
- ঈশ্বরের ভূমিকা ঃ আমাদের মধ্যে নূতন জীবন প্রদান করা এবং চিরকাল তাঁর সন্তান হিসাবে মুদ্রাঙ্কিত করা, ১ পিতর ১ঃ৩, ইফি ১ঃ১১-১৪।

- প্রথমে যাকোব ২ঃ১৪-২৩ পদ পাঠ করুন, তারপর জিজ্ঞাসা করুন ঃ
- যাকোব দুই ধরনের কোন্ কোন্ বিশ্বাসের কথা বলা হয়েছে?
- **জিজ্ঞাসা করুন ঃ** দুই ধরনের বিশ্বাসের মধ্যে কোন্ বিষয়টি পার্থক্য তৈরী করে? (ঈশ্বর সেই ধরনের বিশ্বাস চান যা জীবনকে পরিবর্তিত করে এবং উত্তম কার্য করে। সেই ধরনের বিশ্বাসের থেকে সাবধান যা অনুতাপের দ্বারা শুরু হয় না। যাকোব বলেছেন যে ভূতেরাও বিশ্বাস করে এবং ভয়ে কাঁপে)
- **''ভূতেরা নূতন মেষপালকের কানে ফিস্‌ফিস্ করে''** - এই কবিতাটি পাঠ করুন।

মিথ্যাবাদী লক্ষ্য স্থির, উড়ছে তীর, বইছে চতুর মিথ্যা বিষ,
খ্রীষ্ট নেই হৃদয়ে তার, অগ্নিবর্শা বাণী- হৃদয়ে দিচ্ছে শিস্!

অনুগ্রহ প্রতিজ্ঞা শুধু, ভুলে ঈশ্বরের বিধি, কক্ষ তোমার পূর্ণ কর যা খুশী তাই বলে,
অনুতাপ করতে তাদের বলো না আর ভুলে, স্বর্গ থেকে প্রেরিত যীশু, কেউ যেন না জানে!

অসন্তোষ এনো নাকো, ফেলো না অশ্রুজল, কানের কাছে যা কিছু সব শুধুই বিনোদন,
শূণ্যগর্ভ, নিস্ফল বিশ্বাস যত পার কর দান - যা হৃদয় ভরে করব আমি সবই গ্রহণ!

লোকেদের ঈশ্বর কিভাবে অনুতাপ করতে সাহায্য করেছিলেন সেই বিষয়ে সাক্ষ্য দিতে বলুন।

এখানে এক যুবতী মহিলার উদাহরণ দেওয়া হল। ''বেশ কয়েক বছর যাবৎ আমি এক গুরুর শিষ্যা ছিলাম, আমি সংস্কৃত মন্ত্র উচ্চারণ করতাম এবং আশ্রমে বাস করতাম। আমি নিজের বাস্তবতা সৃষ্টি করতে গিয়ে প্রায় মারা যাচ্ছিলাম। একদিন আমি জানতে পারলাম যে আমি একজন আশাহীন পাপী, নিজেকে রক্ষা করতে অক্ষম এবং যীশু আমাকে ভালবাসে এবং তিনি আমাকে রক্ষা করতে পারেন। আমি ক্ষমতাহীন দেবদেবীদের পরিত্যাগ করেছিলাম, আমার অবিশ্বাস যুক্ত পাপের জন্য ক্ষমা চেয়েছিলাম এবং যীশুকে আমার জীবন দিয়েছিলাম।''

মার্ক ১ঃ৫ পদটি এক সঙ্গে মুখস্থ করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net